**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**www.fid.gov.bd**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেন্‌স চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মু. শুকুর আলী, যুগ্মসচিব ও আহবায়ক, সিটিজেন্‌সস্ চার্টার কমিটি |
| স্থান | : সম্মেলন কক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| তারিখ ও সময় | : ৩০ সেপ্টেম্বর ২০২১, বৃহস্পতিবার, সকাল ১১:০০টায় |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেন্‌স চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে উপসচিব ও কমিটির সদস্য সচিব জনাব মোঃ গোলাম মোস্তফা এ বিভাগের বর্তমান সিটিজেন্‌স চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ এ বিভাগের বিদ্যমান সিটিজেন্‌স চার্টার (পরিশিষ্ট-খ) ও ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করে তা হালনাগাদ করার বিষয়ে মতামত প্রদান করেন।

তাছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২** বাস্তবায়ন সংক্রান্ত এপিএ গাইডলাইন ২০২১-২২ প্রণয়ন করা হয়েছে যা সভায় আলোচনার নিমিত্ত উপস্থাপন করা হয়।

১। কমিটির কার্যপরিধি অনুযায়ী নিম্ন বর্ণিত ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয়:

| ক্রমিক | সেবাসমূহের বিবরণ | কর্মকর্তার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | তথ্য অধিকার আইন মোতাবেক তথ্য প্রদান | মোঃ সফিউল আলম<br>উপসচিব (প্রশাসন) | সিটিজেন্‌সস্ চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। |
| ২. | প্রকল্প/কর্মসূচির অর্থ ছাড় | কামরুল হক মারুফ<br>উপসচিব (প্রকল্প-১) | |
| ৩. | এ বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকসমূহের বাজেট অনুমোদন | শেখ সিদ্দিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | |
| ৪. | এ বিভাগের আওতাধীন আইডিআরএ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন এরদপ্তর/ সংস্থার সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা (TO&E) অনুমোদন/সংশোধন | মোঃ জাহিদ হোসেন<br>উপসচিব (বীমা) | |
| ৫. | এ বিভাগের আওতাধীন বিএসইসি, বিআইসিএম ও আইসিবি এর সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা (TO&E) অনুমোদন/সংশোধন | ড. নাহিদ হোসেন<br>যুগ্মসচিব (পুঁজিবাজার) | |
| ৬. | এ বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকসমূহে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান | শেখ সিদ্দিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | |
| ৭. | এ বিভাগ এবং আওতাধীন ব্যাংক, বীমা সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ এর অনুমতি প্রদান | মোঃ সফিউল আলম<br>উপসচিব (প্রশিক্ষণ) | |
| ৮. | সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুর | মোঃ সফিউল আলম<br>উপসচিব (প্রশাসন) | |
| ৯. | এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের গৃহ নির্মাণ, মেরামত/ মোটর সাইকেল/ কম্পিউটার/ বাইসাইকেল অগ্রীম মঞ্জুর | মাকছুমা আকতার বানু<br>উপসচিব (বাজেট) | |
| ১০. | এ বিভাগের ১০-২০ গ্রেডের কর্মচারীদের পেনশন মঞ্জুরি | মোঃ সফিউল আলম<br>উপসচিব (প্রশাসন | |

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করতে হবে। | উপসচিব ও সদস্য সচিব সিসি কমিটি |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এতদসংক্রান্ত গত ৩০ জুন ২০২১ তারিখের সভায় বিদ্যমান কমিটিতে উপসচিব (প্রশাসন) কে অন্তর্ভুক্ত করে কমিটি পূনর্গঠন করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | উপসচিব (প্রশাসন) |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত এপিএ লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | উপসচিব (প্রশিক্ষণ) |
| ৪ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | উপসচিব ও সদস্য সচিব সিসি কমিটি |
| ৫ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বিদ্যমান **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২** বাস্তবায়নের লক্ষ্যে জরুরীভিত্তিতে কমিটি পুনর্গঠন করা প্রয়োজন এবং নতুন এপিএ গাইডলাইনের বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থাসহ এ বিষয়ের মূল্যায়ন প্রক্রিয়া সকলকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | কমিটি পুনর্গঠন এবং নতুন এপিএ গাইডলাইন অনুযায়ী দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসচিব ও সদস্য সচিব সিসি কমিটি |
| ৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব ও সদস্য সচিব সিসি কমিটি |

**বিগত জুন/২০২১ (৪র্থ ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক সেবায় বর্ণিত ক্রমিক ৩ ও ১০ এর সেবা প্রদানকারী কর্মকর্তা ড. নাহিদ হোসেন ইতোমধ্যে যুগ্মসচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন। | ক্রমিক ৩ ও ১০ এর সেবা প্রদানকারী কর্মকর্তা ড. নাহিদ হোসেন এঁর পদবী হালনাগাদ করতে হবে। | বাস্তবায়িত |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২ | প্রাতিষ্ঠানিক সেবায় বর্ণিত ক্রমিক ৫, ৯, ১৩ ১৬ ও ১৮ এর সেবা প্রদানকারী কর্মকর্তা জনাব কামরুন নাহার সিদ্দীকা, যুগ্মসচিব এর স্থলে দায়িত্ব প্রাপ্ত শাখার কর্মকর্তা জনাব শেখ সিদ্দিকুর রহমান, সিনিয়র সহকারী সচিব করার বিষয়ে আলোচনা হয়। | ক্রমিক ৫, ৯, ১৩ ১৬ ও ১৮ এর সেবা প্রদানকারী কর্মকর্তা জনাব কামরুননাহার সিদ্দীকা, যুগ্মসচিব এর স্থলে জনাব শেখ সিদ্দিকুর রহমান, সিনিয়র সহকারী সচিব এঁর নাম উল্লেখ করতে হবে। | বাস্তবায়িত |
| ৭ | প্রাতিষ্ঠানিক সেবায় বর্ণিত ক্রমিক ১৫ এর সেবা প্রদানকারী কর্মকর্তা জনাব মোহাম্মদ আবদুল আওয়াল, উপসচিব ইতোমধ্যে বদলি হয়েছেন। তাঁর স্থলে সহকারী সচিব জনাব মোঃ মহিন উদ্দিন দায়িত্ব পালন করছেন। | ক্রমিক ১৫ এর সেবা প্রদানকারী কর্মকর্তা জনাব মোহাম্মদ আবদুল আওয়াল এঁর স্থলে বর্তমান দায়িত্বপ্রাপ্ত সহকারী সচিব জনাব মোঃ মহিন উদ্দিন এঁর নাম উল্লেখ করতে হবে। | বাস্তবায়িত |
| ৮ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিদ্যমান সিটিজেন্স চার্টার বাস্তবায়নের নিমিত্ত প্রত্যাহিক কাজ হিসেবে তথ্য হালনাগাদ করা প্রয়োজন। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিদ্যমান সিটিজেন্স চার্টার বাস্তবায়নের নিমিত্ত প্রত্যাহিক কাজ হিসেবে তথ্য হালনাগাদ করতে হবে। | বাস্তবায়িত |
| ৯ | সিটিজেন্সস্ চার্টারে উল্লিখিত সেবাসমূহ হালনাগাদকরণের নিমিত্ত প্রশাসন ও কল্যাণ শাখা কর্তৃক দায়িত্ব অর্পন সংক্রান্ত জারীকৃত অফিস আদেশের অনুলিপি কমিটির নিকট প্রেরণের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। | সিটিজেন্স চার্টারে উল্লিখিত সেবাসমূহ হালনাগাদকরণের নিমিত্ত প্রশাসন ও কল্যাণ শাখা কর্তৃক দায়িত্ব অর্পন সংক্রান্ত জারীকৃত অফিস আদেশের অনুলিপি কমিটির নিকট প্রেরণ করতে হবে। | বাস্তবায়িত |
| ১০ | পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশমালা অন্তর্ভুক্ত করে হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশমালা অন্তর্ভুক্ত করে হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বাস্তবায়িত |
| ১১ | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন বিষয়টি প্রশাসন ও কল্যাণ শাখা সংশ্লিষ্ট বিধায় উক্ত শাখার উপসচিব-কে বিদ্যমান কমিটির সদস্য সচিব করে কমিটি পুনর্গঠন করার বিষয়ে আলোচনা হয়। | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন বিষয়টি প্রশাসন ও কল্যাণ শাখা সংশ্লিষ্ট বিধায় উক্ত শাখার উপসচিব-কে বিদ্যমান কমিটির সদস্য সচিব করে কমিটি পুনর্গঠন করতে হবে। | বাস্তবায়িত |

৫। পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/**
**৩০/০৯/২০২১**
(মুঃ শুকুর আলী)
যুগ্মসচিব
ও
আহবায়ক
সিটিজেন্সস্ চার্টার কমিটি
ফোন: ৯৫৪৬৩৩৩

স্মারক নং: ৫৩.০০.০০০০.২১৩.৯৯.০০২.২১.১৮৯

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২১

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব কামরুল হক মারুফ, উপসচিব (বীমা) এবং সদস্য, সিটিজেন্সস্ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

৬। জনাব মাকছুমা আকতার বানু, উপসচিব (বাজেট) এবং সদস্য, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। উপসচিব (প্রশাসন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৮। জনাব মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (সেবা) এবং সদস্য-সচিব, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৯। মোহাম্মদ এনামুল হক, উপসচিব (আইসিটি) এবং সদস্য, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৩। প্রোগ্রামার (আইসটি), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটের সিটিজেন্‌সস্‌ চার্টার অংশে প্রদর্শনের অনুরোধসহ)।

৩০/৯/২১

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ও
সদস্য সচিব
সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি